

মডেল অ্যাক্সিভিটি টাস্ক

বাংলা (প্রথম ভাষা)

দশম শ্রেণি

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১.১ “তপন গভীরভাবে সংকল্প করে” —

- ক) আর কখনো লেখা ছাপানোর জন্য নিজে কোথাও যাবে না।
- খ) মেসোকে নয়, মাসিকেই লেখা জমা দেবে।
- গ) ডাকে লেখা পাঠ্যাবে।
- ঘ) তপন নিজে গিয়ে লেখা জমা দেবে।

১.২ “ডুবে ছিল ধ্যানে” — কত দিনের ধ্যান ?

- ক) এক যুগ
- খ) শতবর্ষ
- গ) হাজার বছর
- ঘ) যুগের পরে যুগ ধরে

১.৩ “আদিতে ফাউন্টেন পেনের নাম ছিল — ”

- ক) বারনা কলম
- খ) রিজার্ভার পেন
- গ) কুইল
- ঘ) স্টাইলাস

১.৪ যে কর্তা অন্যকে দিয়ে কাজ করায়, সে হল —

- ক) প্রযোজ্য কর্তা
- খ) প্রযোজক কর্তা
- গ) উহ্য কর্তা
- ঘ) অনুস্ত কর্তা

২. কম-বেশি ২০ টি শব্দে উত্তর লেখো :

২.১ কে কার বুকের থেকে আফ্রিকাকে ছিনিয়ে নিয়েছিল ?

২.২ ক্যালিগ্রাফিস্ট কাদের বলে ?

২.৩ “বিকেলে চায়ের টেবিলে ওঠে কথাটা” — কোন কথা ?

২.৪ সম্বন্ধপদকে কারক বলা যায় কিনা কারণসহ লেখো।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ শব্দে উত্তর লেখো :

৩.১ “পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে !” — তপনের এমন মনে হওয়ার কারণটি লেখো।

৩.২ “আমরা ভিখারি বারো মাস” — এই উপলব্ধির মর্মার্থ লেখো।

৪. কম-বেশি ১৫০ শব্দে নীচের প্রশ্নটির উত্তর লেখো :

৪.১ “আমরা কালিও তৈরি করতাম নিজেরাই” — প্রবন্ধ অনুসারে কালি তৈরি পর্বের বর্ণনাটি নিজের ভাষায় লেখো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।